

# ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ত সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা  
বর্ষ ০১, সংখ্যা ০৪, এপ্রিল-জুন, ২০২২



ইজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) দায়িত্ব গ্রহণ করায় ইজিসিবি পরিবার হতে তাঁকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। এ সময় নির্বাহী পরিচালক (পিএন্ডডি), নির্বাহী পরিচালক (ওএন্ডএম), প্রধান প্রকৌশলীগণ ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় অংশ নেন। নবযোগদানকৃত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয় এবং তাঁর সুযোগ্য নেতৃত্বে ইজিসিবি লিঃ কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাবে সেই আশাবাদ ব্যক্ত করা হয়।

## ইজিসিবি লিঃ এর নবযোগদানকৃত ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) এর দায়িত্ব গ্রহণ

ইজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক (প্রাক্তন) জনাব অনুরন কুমার সাহা অবসর গ্রহণ করায় ইজিসিবি বোর্ড এর সদস্য ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের সদস্য জনাব ধূর্জটী প্রসাদ সেন মহোদয়কে ইজিসিবি লিঃ এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব প্রদান করা হয়। নতুন ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ০১ জুন, ২০২২ তারিখে যোগদান করতঃ দায়িত্ব গ্রহণ করেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সাবেক চেয়ারম্যান ও বাংলাদেশ সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর জেনারেল মঈন উদ্দিন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ইজিসিবি পরিবার এর পক্ষ হতে বরণ করে নেওয়া হয় এবং তাঁর সুযোগ্য, সুদক্ষ ও অদ্বিতীয় নেতৃত্বে শতভাগ বিদ্যুতায়ন অর্জনে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ভূমিকার জন্য তাঁকে সাধুবাদ জানানো হয়। এ সময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ইজিসিবি'র সকল কর্মকর্তা ও কর্মচারীগণের সাথে মতবিনিময় সভায় অংশ নেন। সভায় ইজিসিবি লিঃ এর অতীত অর্জনসমূহ, বর্তমান কর্মকান্ত এবং ভবিষ্যৎ পরিকল্পনা উপস্থাপন করা হয় এবং তাঁর সুযোগ্য নেতৃত্বে ইজিসিবি লিঃ তার কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাবে সেই আশাবাদ ব্যক্ত করা হয়। পরিশেষে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর মূল্যবান বক্তব্য পেশ করেন এবং সকলকে নিয়ে ইজিসিবি লিঃ এর কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানোর দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।



ইজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) এর সাথে ইজিসিবি লিঃ এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের মতবিনিময় সভার একাংশ। এ সময় বিদ্যুৎকেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণ অনলাইনে সংযুক্ত থেকে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।



## Major General Moin Uddin (Retd)

Managing Director

Electricity Generation Company of Bangladesh Limited (EGCB).

Major General Moin Uddin (Retd.) was born in a respectable Muslim family of Feni district on 02 January 1961. He is the son of late Md. Abdus Salam Mia and late Begum Mahmuda Akter. He took over the charge of the Managing Director (MD) of EGCB on 01 June 2022.

He was graduated from Bangladesh University of Engineering and Technology (BUET) in Electrical and Electronic Engineering (EEE) discipline in 1984. After graduation he joined the Corps of Electrical and Mechanical Engineering (EME) of Bangladesh Army and was awarded commission in 1985. He completed M.Sc. Engineering from BUET in EEE discipline.

Major General Moin has served for about 25 years in Bangladesh Armed Forces as Commander, Staff Officer and Instructor at various ranks and capacities. He was United Nations Peacekeeper for two years Iraq-Kuwait and Congo. Before joining EGCB he was Chairman of Bangladesh Rural Electrification Board (BREB) and has served for 10 years. He was Ex Officio Chairman of Rural Power Company Limited (RPCL), RPCL-NORINCO International Power Limited (RNPL), BPDB-RPCL Power Generation Company Limited (B-R Power Gen Limited), Bangladesh Power Equipment Manufacturing Company Limited (BPEMC).

In addition to his regular duties, he also performed as one of the Board Directors of Power Grid Company of Bangladesh Limited (PGCB), Bangladesh Energy and Power Research Council (BEPRC) and Bangladesh Power Management Institute (BPMI). He is associated with Bangladesh University of Engineering and Technology (BUET) as Syndicate Member, BRAC University and Green University, Dhaka as Industrial Advisory Panel Member and Bangladesh Energy Society (BES) as founding member.

Major General Moin Uddin (Retd.) took part in a good number of professional trainings at home and abroad. He has a good number of publications in national and international journals on electrical load and energy demand and load forecasting. He has achieved awards to his credit including Chief of Army Staff's Commendation for innovation/modifications to convert three obsolete Tanks T-62 into Self-Propelled Gun (SP Gun), Armored Personnel Carrier (APC) and Infantry Fighting Vehicle (IFV) in 2000 and Best National Integrity Strategy (NIS) Award in 2019.

He has traveled many countries including China, Hongkong, Thailand, Kuwait, Iraq, Saudi Arabia, Congo, Japan, Liberia, Malaysia, Ivory Coast, Russia, Singapore, Netherlands and United States of America. He is a good reader by hobby. Major General Moin Uddin (Retd.) is married to Mrs. Fatima Johura Moni and blessed with two daughters.

## ইজিসিবি লিঃ এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



জনাব খুর্জটা প্রসাদ সেন, সদ্য বিদায়ী ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ফুল দিয়ে শুভেচ্ছা প্রদান করছেন ইজিসিবি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

০২ জুন, ২০২২ তারিখে ইজিসিবি'র কর্পোরেট দপ্তরের কনফারেন্স রুমে ইজিসিবি লিঃ এর সদ্য বিদায়ী ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব খুর্জটা প্রসাদ সেন মহোদয়ের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। তিনি ইজিসিবি বোর্ড এর সম্মানিত সদস্য ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের সদস্য। ইজিসিবি'র নবযোগদানকৃত ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ), নির্বাহী পরিচালকগণ এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এ সময় সদ্য বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক জনাব খুর্জটা প্রসাদ সেন মহোদয়কে ফ্রেস্ট প্রদান ও ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়। ইজিসিবির প্রতি তাঁর আন্তরিক শ্রম ও সেবার জন্য তাঁকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপনপূর্বক তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়।

## ইজিসিবি লিঃ এর আওতায় কর্পোরেট দপ্তর ও বিদ্যুৎ কেন্দ্রসমূহে বিভিন্ন প্রশিক্ষণ অনুষ্ঠিত

১৩/০৬/২০২২ তারিখে সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর [২.২.১] এর অধীন “কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ” বিষয়ক প্রশিক্ষণ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জনাব আমিনুল হক খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন), সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি উক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।

ইজিসিবি তে ‘তথ্য অধিকার আইন’ ও ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা’ বিষয়ক ১টি প্রশিক্ষণ ২৫/০৫/২০২২ তারিখে কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে কর্পোরেট দপ্তরের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। কাজী নজরুল ইসলাম, কোম্পানী সচিব ‘তথ্য অধিকার আইন’ ও জনাব মোঃ নাজমুল আলম, নির্বাহী পরিচালক (পিএন্ডডি) ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা’ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।

১৫/০৬/২০২২ তারিখে সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি এর ২০২১-২২ অর্থ বছরের Training Calendar অনুযায়ী “Operation & Maintenance of Instrument Air Compressor” শীর্ষক প্রশিক্ষণ বিদ্যুৎ কেন্দ্রের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জনাব মোঃ মাসুদ আলম, নির্বাহী প্রকৌশলী (আইঅ্যান্ডসি) উক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।



ইজিসিবি লিঃ এর আওতায় কর্পোরেট দপ্তর ও বিদ্যুৎ কেন্দ্রসমূহে বিভিন্ন প্রশিক্ষণের স্থিরচিত্র

## ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) এর ইজিসিবি লিঃ এর আওতাধীন ফেনী জেলার সোনাগাজী উপজেলায় চলমান প্রকল্পসমূহ পরিদর্শন

ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) ১৮ জুন, ২০২২ তারিখে ফেনী জেলার সোনাগাজী উপজেলার চরচান্দিয়া ইউনিয়নের পূর্ববড়ধলী মৌজায় ইজিসিবি কর্তৃক বাস্তবায়নাধীন সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এলাকা পরিদর্শন করেন। এ সময় প্রকল্প পরিচালক, সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, প্রকল্পের ইপিসি ঠিকাদার TRINA-HYDC Joint Venture এর কর্মকর্তা, প্রকল্পের Owner's Engineer এর প্রতিনিধি, স্থানীয় জনপ্রতিনিধি ও ইজিসিবি'র অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এ সময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকল্পের সার্বিক অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করেন এবং প্রকল্প পরিচালক, ইপিসি ঠিকাদার, Owner's Engineer এর সাথে প্রকল্পের সার্বিক বিষয়ে আলোচনা করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।



ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) এর সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প পরিদর্শনের একাংশ।

## ইজিসিবি'র নবযোগদানকৃত ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) এর ইজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহ পরিদর্শন



সিদ্ধিরগঞ্জ ২৫১২০ মেঃ৩ঃ পিপিপি এর কর্মকর্তা ও কর্মচারীগণ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ফুল দিয়ে স্বাগতম জানান।



ব্যবস্থাপনা পরিচালক সিদ্ধিরগঞ্জ ২৫১২০ মেঃ৩ঃ পিপিপি পরিদর্শন শেষে কনফারেন্স রুমে কর্মকর্তাবৃন্দের সাথে মতবিনিময় করেন। সুদর্শন চন্দ্র সাহা (নির্বাহী প্রকৌশলী অঃদাঃ) ও জনাব শামসুদ্দোহা বরকত উল্লাহ (ব্যবস্থাপক, প্রশাসন অঃদাঃ) বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক বিষয়ে উপস্থাপনা প্রদান করেন। এছাড়া জেনারেটর-২ এর রোটর রিপেয়ারিং বিষয়ক উপস্থাপনা পেশ করেন জনাব নাজমুল আলম (তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংরক্ষণ)। সভায় প্রাক্তন প্রধান প্রকৌশলী (অঃদাঃ) মরহুম আতিয়ার রহমানের রুহের মাগফিরাত কামনা করে একটি বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়।



হরিপুর ৪১২ মেঃ৩ঃ সিসিপিপি এর কর্মকর্তাগণ ও কর্মচারীদের পক্ষ হতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। ব্যবস্থাপনা পরিচালক সিদ্ধিরগঞ্জ হরিপুর ৪১২ মেঃ৩ঃ সিসিপিপি পরিদর্শন শেষে কনফারেন্স রুমে কর্মকর্তাগণ ও কর্মচারীদের সাথে মতবিনিময় করেন। এ সময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক দিক নিয়ে আলোচনা করেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।



সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ৩ঃ সিসিপিপি এর কর্মকর্তাগণ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ফুল দিয়ে স্বাগতম জানান।



ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ৩ঃ সিসিপিপি পরিদর্শন শেষে অত্র বিদ্যুৎ কেন্দ্রের কনফারেন্স রুমে কর্মকর্তাবৃন্দের সাথে মতবিনিময় করেন। এ সময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক দিক নিয়ে আলোচনা করেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।



ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ৩ঃ সিসিপিপি এর কন্ট্রোল রুম পরিদর্শন।



ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ৩ঃ সিসিপিপি এর গ্যাস টার্বাইন ও স্টীম টার্বাইন ইউনিট পরিদর্শন করেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ইজিসিবি লিঃ এর কর্মকর্তাগণকে বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান



ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব আসীম (তড়িৎ) কুমার মন্ডলের হাতে বঙ্গবন্ধুসার্ভিস এক্সিলেন্সী এওয়ার্ডের ক্রেস্ট প্রদান।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ইজিসিবি লিঃ এর আওতাধীন সিদ্ধিরগঞ্জ ২৫১২০ মেঃওঃ পিপিপি হতে উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব অসীম কুমার মন্ডল, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট হতে উপ-সহকারী প্রকৌশলী জনাব জুবাইর উদ্দীন রাকিব এবং হরিপুর ৪১২ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট হতে ফোরম্যান জনাব মোহাম্মদ তাজুল ইসলাম কে স্ব স্ব কর্মক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান করা হয়। ইজিসিবির ব্যবস্থাপনা পরিচালক সিদ্ধিরগঞ্জ ২৫১২০ মেঃওঃ পিপিপি পরিদর্শনকালে অত্র বিদ্যুৎ কেন্দ্র হতে বঙ্গবন্ধু Service Excellence Award প্রাপ্ত উপ বিভাগীয় প্রকৌশলী জনাব আসীম কুমার মন্ডলের হাতে ক্রেস্ট তুলে দেন। (তড়িৎ)

ইজিসিবি লিঃ এর আওতায় কর্পোরেট দপ্তর ও বিদ্যুৎ কেন্দ্রসমূহে ২০২১-২০২২ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান

শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ: ৩.৩ ও ৩.৪ অনুযায়ী ইজিসিবি লিঃ এর দপ্তর প্রধানগণের মধ্য হতে ০১ জন কর্মকর্তা, কর্পোরেট দপ্তর ও ০৩ টি বিদ্যুৎ কেন্দ্রসমূহ হতে ০৪-১০ বেতনগ্রেড ভুক্ত ০১ জন, ১১-১৬ বেতনগ্রেড ভুক্ত ০১ জন, ১৭-২০ বেতনগ্রেড ভুক্ত ০১ জন করে মোট ০৩ জন কর্মকর্তা ও কর্মচারী কে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।

কর্পোরেট দপ্তর

শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ: ৩.৩ ও ৩.৪ অনুযায়ী কর্পোরেট দপ্তর হতে জনাব সৈয়দ আহম্মদ, উপ-বিভাগীয় প্রকৌশলী (প্রকিউরমেন্ট); জনাব মোঃ সাইফুর রহমান, অফিস সহকারী এবং জনাব মোঃ নুরুল হক, গাড়ীচালক কে শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান করা হয়।

হরিপুর ৪১২ মেঃ ওঃ সিসিপিপি

শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ: ৩.৩ ও ৩.৪ অনুযায়ী হরিপুর ৪১২ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট হতে জনাব মোঃ দিলওয়ার হোসেন, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ); জনাব মোঃ শামছু মিয়া, গাড়ীচালক এবং জনাব মানিক কুমার দাস, টেকনিশিয়ান (তড়িৎ সংরক্ষণ) কে শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান করা হয়।

সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি

শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ: ৩.৩ ও ৩.৪ অনুযায়ী সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট হতে জনাব মোহাম্মদ আসিফ ইকবাল, উপ-বিভাগীয় প্রকৌশলী (পর্ব); জনাব মোঃ সাইফুল ইসলাম, ফোরম্যান (তড়িৎ সংরক্ষণ) এবং জনাব অঞ্জয় সরকার, টেকনিশিয়ান (যান্ত্রিক সংরক্ষণ) কে শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান করা হয়।

সিদ্ধিরগঞ্জ ২৫১২০ মেঃ ওঃ পিপিপি

শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ: ৩.৩ ও ৩.৪ অনুযায়ী সিদ্ধিরগঞ্জ ২৫১২০ মেঃ ওঃ পিপিপি পাওয়ার প্লান্ট হতে জনাব সঞ্জয় দেবনাথ, উপ-বিভাগীয় প্রকৌশলী; জনাব মোঃ আল আমীন, ফোরম্যান এবং জনাব মোঃ হাবিবুর রহমান, অফিস অ্যাটেনডেন্ট কে শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান করা হয়।

ইজিসিবি লিঃ এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহ এবং সোনাগাজী ৫০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এর দপ্তর প্রধানগণের মধ্য হতে জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প কে শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান করা হয়।